

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৩৬

আগরতলা, ৮ অক্টোবর, ২০২৫

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ১৫ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে ‘ধলাই নদীতে বিষ, জেলেদের মাথায় হাত’ শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি মৎস্য দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ বিষয়ে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে, মৎস্য দপ্তরের কর্মকর্তাদের দ্বারা ২২/০৯/২০২৫ তারিখে ধলাই নদীর পার্শ্ববর্তী বিভিন্ন গ্রাম পঞ্চায়েত / গ্রাম কমিটির অন্তর্গত আভাঙ্গা, দেবীছড়া, দুরাইশিববাড়ি, দক্ষিণ মানিকভাণ্ডার, কালাচারি, মানিকভাণ্ডার, হরেখোলা, বালিগাঁও, মোহনপুর, কুলাই, গঙ্গানগর ও সালেমা এলাকায় একটি পরিদর্শন কার্যক্রম পরিচালিত হয়। মাঠ পর্যায়ে স্থানীয় জনগণের সাথে যোগাযোগ করার পর জানা যায় যে, উল্লিখিত পত্রিকায় প্রকাশিত ঘটনাটি বাস্তবে ঘটেনি এবং স্থানীয় জনগণের কাছ থেকেও তেমন কোনো দাবি করা হয়নি। অতএব প্রকাশিত সংবাদটি সম্পূর্ণ মিথ্যা ও মনগড়া।
